দৈনিক
# ইত্তেফাক

তারিখ 07 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

# বাসাইল ডিগ্রি কলেজের শিক্ষক কর্মচারী বেতন-বোনাস পাননি

বাসাইল উপজেলা সদরের বাসাইল এমদা-হামিদা ডিগ্রি কলেজের ৪৯ জন শিক্ষক-কর্মচারী ঈদের আগে বেতন-বোনাস পাননি। কলেজ গভর্নিং বডির সভাপতি টাঙ্গাইল-৮ আসনের সংসদ সদস্য অনুপম শাহজাহান জয় বিলে স্বাক্ষর না করার কারণে তারা ঈদের আগে বেতন-বোনাস থেকে বঞ্চিত হন। এ অবস্থায় বিশেষ করে মুসলমান শিক্ষক-কর্মচারীরা তাদের পরিবার-পরিজন নিয়ে ঈদ করতে পারছেন না বলে তাদের মধ্যে ক্ষোভ ও হতাশা সৃষ্টি হয়েছে

■ টাঙ্গাইল প্রতিনিধি

জেলার বাসাইল উপজেলা সদরের বাসাইল এমদা-হামিদা ডিগ্রি কলেজের ৪৯ জন শিক্ষক-কর্মচারী ঈদের আগে বেতন-বোনাস পাননি।

কলেজ গভর্নিং বডির সভাপতি টাঙ্গাইল-৮ আসনের সংসদ সদস্য অনুপম শাহজাহান জয় বিলে স্বাক্ষর না করার কারণে তারা ঈদের আগে বেতন-বোনাস থেকে বঞ্চিত হন। এ অবস্থায় বিশেষ করে মুসলমান শিক্ষক-কর্মচারীরা তাদের পরিবার-পরিজন নিয়ে ঈদ করতে পারছেন না বলে তাদের মধ্যে ক্ষোভ ও হতাশা সৃষ্টি হয়েছে।

এ ব্যাপারে কলেজের অধ্যক্ষ ড. হাবিবুর রহমানকে জিজ্ঞাসা করা হলে তিনি জানান, বরাবরের ন্যায় এই বিল স্বাক্ষরের জন্য প্রথমে কলেজের একজন স্টাফকে সভাপতির কাছে পাঠানো হয়েছিল, তিনি স্বাক্ষর না করায় গত বুধবার ৭ সেপ্টেম্বর কলেজের উপাধ্যক্ষসহ তিনি বিল স্বাক্ষরের জন্য সভাপতির কাছে যান। সভাপতি কোনো কারণ না জানিয়ে বিল স্বাক্ষরে অস্বীকৃতি জানান এবং ঈদের পর গভর্নিং বডির সভা করার পরামর্শ দেন। তিনি সভার পর বেতন-বিলে স্বাক্ষর করবেন বলে জানান। এ ব্যাপারে কলেজ গভর্নিং বডির সভাপতি সংসদ সদস্য অনুপম শাহজাহান জয়ের সাথে মোবাইলে যোগাযোগ করা হলে তিনি এই প্রতিবেদককে জানান, বার বার সতর্ক করার পরও শিক্ষকরা শিক্ষার মান উন্নয়নসহ পরীক্ষার রেজাল্ট ভালো করতে না পারায় তিনি বেতন-বোনাসের বিলে স্বাক্ষর করেননি। এজন্য তিনি অধ্যক্ষকে গভর্নিং বডির সভা আহবান করতে বললে অধ্যক্ষ সভার আয়োজন করতে ব্যর্থ হন। তিনি দাবি করেন, তদুপরি সময় শেষ হওয়ার পর তার কাছে বিল স্বাক্ষরের জন্য আনা হয়েছিল। একই সাথে সভাপতি অভিযোগ করে বলেন, এই কলেজের শিক্ষকরা শিক্ষার্থীদের শিক্ষা দেয়ার চাইতে নানা আন্দোলন ও নিজেদের মধ্যে কোন্দলে লিপ্ত থাকেন। তিনি শিক্ষকদের বিরুদ্ধে অভিযোগ করে আরো বলেন, শিক্ষকরা তাকে না জানিয়েই কলেজের অনেক কাজ করেন, এমনকি সভাপতির অগোচরেই তারা কলেজ সরকারিকরণের জন্যও আন্দোলন করেছেন। এ কারণে তিনি গভর্নিং বডির সভাপতি পদ থেকে ইস্তফা দেবেন বলেও জানান।